

ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

১৫। পানি কখনই দাঁড়িয়ে দাঁড়িয়ে পান করবেন না; বরং বসে বসে পান করবেন

কোন খাবার খাওয়ার সময়ও বসে বসে খাবেন দাঁড়িয়ে খাবেন না। আল্লাহর নবী (ﷺ) বলেন,

« لاَ يَشْرَبَنَّ أَحَدٌ مِنْكُمْ قَائِمًا فَمَنْ نَسِىَ فَلْيَسْتَقِيًّ »

"তোমাদের মধ্যে কেউ যেন দাঁড়িয়ে পান না করে। কেউ ভুলে গিয়ে পান করে থাকলে সে যেন তা বমি করে ফেলে।"[1]

আনাস (রাঃ) বলেন, নবী (ﷺ) নিষেধ করেছেন যে, কোন লোক যেন দাঁড়িয়ে পান না করে। আনাস (রাঃ) কে দাঁড়িয়ে খাওয়া সম্পর্কে জিজ্ঞাসা করা হলে উত্তরে তিনি বললেন, 'এটা তো আরো খারাপ ও আরো নোংরা।"[2] কিন্তু বসার জায়গা না থাকলে অথবা অন্য কোন অসুবিধায় বা প্রয়োজনে দাঁড়িয়ে পানাহার করা হারাম নয়। যেহেতু দাঁড়িয়ে পান বৈধ হওয়ার হাদীসও বর্ণিত হয়েছে।[3]

ফুটনোট

- [1]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৫৩৯৮
- [2]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০২৪
- [3]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ১৬৩৭, ৫৬১৫, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০২৭, ইবনে মাজাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩৩০১ প্রমুখ

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6970

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন